গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.২০৬১ তারিখ: ০৬/১২/২০২০ খ্রি.

**বিষয় : ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত ৬ষ্ঠ এ্যাসাইনমেন্ট (ষষ্ঠ সপ্তাহের জন্য) প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষার্থীকে শিক্ষা ব্যবস্থার সাথে সম্পৃক্ত রাখতে এ্যাসাইনমেন্ট (নির্ধারিত কাজ) নির্ধারণ করা হয়েছে।**সে প্রেক্ষিতে মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ষষ্ঠ সপ্তাহের এ্যাসাইনমেন্ট (নির্ধারিত কাজ) প্রেরণ করা হলো।**

এমতাবস্থায়, ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির **ষষ্ঠ সপ্তাহের এ্যাসাইনমেন্ট (নির্ধারিত কাজ)** সকল শিক্ষার্থীদের অবহিতসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্ত : এ্যাসাইনমেন্ট (ষষ্ঠ সপ্তাহের জন্য)**

০৬/১২/২০২০
**(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)**
পরিচালক (মাধ্যমিক)
ফোন: ৯৫৫৪৫৬৫

**বিতরণ:**
১। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা
৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক....................................

**অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)
৪. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
[এ্যাসাইনমেন্টটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৬. পরিচালক (মাধ্যমিক) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৭. সংরক্ষণ নথি

বাংলা নোটিশ
a notice hub for Bangladeshi ...

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মুল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৬ষ্ঠ

বিষয়: বাংলা

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মুল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | **ব্যাকরণ অংশ:**<br>ভাষা ও বাংলা ভাষা বিরাম চিহ্ন | **খ) নিচের অনুচ্ছেদটিতে যথাস্থানে বিরাম চিহ্ন বসিয়ে তা চলতি রীতিতে লিখ:**<br>সকাল বেলায় আমার নভেলের সপ্তদশ পরিচ্ছেদে হাত দিয়াছি এমন সময় মিনি আসিয়াই আরম্ভ করিয়া দিল বাবা রামদয়াল দারোয়ান কাকাকে কৌয়া বলেছিল সে কিছু জানে না না সে আমার লিখিবার টেবিলের পার্শ্বে আমার পায়ের কাছে বসিয়া নিজের দুই হাঁটু এবং হাত লইয়া অতিদ্রুত উচ্চারণে আগডুম বাগডুম খেলিতে আরম্ভ করিয়া দিল আমার ঘর পথের ধারে হঠাৎ মিনি আগডুম বাগডুম খেলা রাখিয়া জানালার ধারে ছুটিয়া গেল এবং চিৎকার করিয়া ডাকিতে লাগিল কাবলিওয়ালা ও কাবলিওয়ালা। | • চলতি ভাষার নিয়ম অনুযায়ী অনুচ্ছেদের প্রতিটি বাক্য শুদ্ধ হবে<br>• যথাস্থানে বিরাম চিহ্ন বসাতে হবে |

বাংলা নোটিশ
a notice hub for Bangladeshi ...

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মুল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: গণিত**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মুল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-৩ | **চতুর্থ অধ্যায়:**<br>২. বীজগণিতীয় রাশির সদৃশ ও বিসদৃশ পদ<br>৩. এক বা একাধিক পদ বিশিষ্ট বীজগণিতীয় রাশি বর্ণনা<br>৪. বীজগণিতীয় রাশির যোগ ও বিয়োগ<br><br>**সপ্তম অধ্যায়:**<br>১. রেখাংশ পরিমাপ<br>২. রেখাংশ অঙ্কন<br>৩. কোণের চিত্র অঙ্কন<br><br>**অষ্টম অধ্যায়:**<br>১. তথ্য ও উপাত্ত<br>২. অবিন্যস্ত উপাত্তের গড়, মধ্যক ও প্রচুরক নির্ণয় | **প্রশ্ন: ০১**<br>$5x^2-2xy+3y^2$, $x^2-3xy$, $-y^2+5xy$ তিনটি বীজগণিতীয় রাশি হলে-<br>ক) প্রথম রাশিটির পদ সংখ্যা কয়টি এবং কী কী?<br>খ) রাশি তিনটির যোগফল নির্ণয় কর।<br>গ) $x=3$, $y=2$ হলে, ১ম রাশি থেকে ৩য় রাশির বিয়োগফলের মান নির্ণয় কর।<br><br>**প্রশ্ন: ০২**<br>$\angle ABC$=৬০°<br>ক) $\angle ABC$ কে চাঁদার সাহায্যে অংকন কর।<br>খ) $\angle ABC$ কে সমদ্বিখন্ডিত কর (রুলার ও কম্পাসের সাহায্যে)।<br>গ) অংকনের চিহ্ন ও বিবরণ দাও।<br><br>**প্রশ্ন: ০৩**<br>একজন শিক্ষার্থী ৪০ থেকে ৬০ পর্যন্ত সংখ্যাগুলোর মধ্যে নিম্নের সংখ্যাগুলো লিখল।<br>৫০, ৪৫, ৪৮, ৪৯, ৬০, ৫৮, ৫৭, ৪৫, ৪৭, ৪৫, ৪৩, ৪২, ৪৭,<br>ক) উপাত্তগুলোকে বিন্যস্ত কর।<br>খ) উপাত্তগুলোর গড় নির্ণয় কর।<br>গ) উপাত্তগুলোর মধ্যক ও প্রচুরক নির্ণয় কর। | ১. বীজগণিতীয় রাশির যোগ বিয়োগ করতে পারা।<br><br>২. রুলার ও কম্পাসের সাহায্যে কোণের সমদ্বিখন্ডক এঁকে বিবরণ দিতে পারা।<br><br>৩. অবিন্যস্ত উপাত্ত বিন্যস্ত করে গড়, মধ্যক ও প্রচুরক নির্ণয় করতে পারা। |

বাংলা নোটিশ
a notice hub for Bangladeshi ...

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: কৃষি শিক্ষা**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | **তৃতীয় অধ্যায়:**<br>কৃষি উপকরণ<br>• পাঠ-১ মাটির গঠন<br>• পাঠ-২ মাটির প্রকারভেদ<br><br>**পঞ্চম অধ্যায়:**<br>কৃষিজ উৎপাদন<br>• পাঠ-১ উদ্যান ফসলের পরিচিত ও অর্থনৈতিক গুরুত্ব | **সৃজনশীল প্রশ্ন:**<br>১) ষষ্ঠ শ্রেণির কৃষি শিক্ষা ক্লাসে মাটি বিষয়ে শিক্ষক বললেন, সব ধরনের ফসল একই ধরনের মাটিতে চাষ করা সম্ভব নয়। আলু , গম, পাট, তরমুজ, বাদাম, বাধাকপি ইত্যাদি ফসলগুলো চাষের জন্য ভিন্ন ভিন্ন বৈশিষ্ট্যের মাটি প্রয়োজন হয়। শিক্ষক আরও বললেন এমন এক ধরনের মাটি আছে যার অর্ধেক বালিকণা আর বাকি অর্ধেক পলিকণা ও কাঁদা যুক্ত হয়।<br>ক) উদ্দীপকের প্রদত্ত ফসলগুলো চাষের উপযোগী মাটির প্রকারভেদ অনুযায়ী তালিকা তৈরি কর।<br>খ) শিক্ষকের শেষ মন্তব্যটি কোন মাটিকে নির্দেশ করে? ব্যাখ্যাপূর্বক ধান চাষের জন্য এই মাটি উপযোগী কী না-যুক্তি দাও।<br><br>২। তোমার এলাকায় জন্মে এমন ফুল, ফল, শাকসবজি ও মসলা জাতীয় ফসলের (পাঁচটি করে) তালিকা তৈরি কর এবং এগুলোর অর্থনৈতিক গুরুত্ব বর্ণনা কর। | ১। ক)<br>• তালিকা তৈরিতে সঠিকতা<br>• নির্ভুল তথ্য উপস্থাপন<br>খ)<br>• বিষয়বস্তুর সঠিক ধারণা প্রদান<br>• পাঠ্যপুস্তক ও উদ্দীপকের আলোকে ধারণার সঠিক ব্যাখ্যা<br>• বিষয়বস্তুর ধারণার আলোকে সংশ্লেষণ/বিশ্লেষণ/যুক্তি উপস্থাপন<br><br>২।<br>• তালিকা তৈরিতে সঠিকতা<br>• নির্ভুল তথ্য উপস্থাপন<br>• প্রতিটির কমপক্ষে দুটি করে অর্থনৈতিক গুরুত্ব উল্লেখ |

বাংলা নোটিশ
a notice hub for Bangladeshi ...

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: গার্হস্থ্য বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| **নির্ধারিত কাজ-২** | **চতুর্থ অধ্যায়:** (পরিবার ও শিশু) | **রচনামূলক প্রশ্ন:** ১। শিশুর বিভিন্ন বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে শিশুকালকে বিভাজন করার প্রয়োজন আছে কী? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। | ১।<br>• বয়স অনুযায়ী সঠিক বিভাজন ও নামকরণ<br>• নামকরণ অনুযায়ী আচরণ/বৈশিষ্ট্য নির্ধারণ<br>• বিভাজন কেন প্রয়োজন তার ব্যাখ্যা প্রদান<br>• তথ্যের ধরাবাহিক উপস্থাপনা |
| | **পঞ্চম অধ্যায়:** (ছোটদের শিষ্টাচার শিক্ষা) | **সংক্ষিপ্ত প্রশ্ন:** ২। ক) বাবা-মা ও শিক্ষককে কীভাবে সম্মান করা উচিত?<br>খ) তোমার শ্রেণিতে একজন দৃষ্টি প্রতিবন্ধী বন্ধু আছে। তার প্রতি তোমার আচরণ কেমন হবে? | ২। ক)<br>• কমপক্ষে ৫টি সঠিক উপায় চিহ্নিতকরণ<br>খ)<br>• বিষয়বস্তুর ধারণা<br>• ধারণার সঠিক ব্যাখ্যা<br>• আচরণ সম্পর্কিত কমপক্ষে ৫টি ধারণা প্রদান |
| | **একাদশ অধ্যায়:** (খাদ্যাভাস গঠন) | ৩। বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের পূর্বাভাস জানার পর তুমি কী ধরণের খাবার মজুদ করবে? কেন? এসব খাবারকে কী বলা হয়? | ৩।<br>• খাবার সম্পর্কিত ধারণা প্রদান<br>• গুরুত্ব/প্রয়োজনীয়তার ব্যাখ্যা প্রদান |
| | **চতুর্দশ অধ্যায়:** (পোশাকের মজুদ ও সংরক্ষণ) | ৪। শীতের শেষে শীতকালীন পোশাকের যত্ন কীভাবে নিবে বুঝিয়ে লিখ। | ৪।<br>• শীতকালীন পোশাকের ধারণা<br>• যত্ন নেয়ার কমপক্ষে ৪টি সঠিক উপায় চিহ্নিতকরণ |

বাংলা নোটিশ
a notice hub for Bangladeshi ...

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মুল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** | **বিষয়: বাংলা**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| **নির্ধারিত কাজ-২** | নির্মিত অংশ<br>আবেদন পত্র/চিঠি | মনে কর, তুমি মাহিন/মোহনা। তোমার খেলার সাথী সাজিদ/সাজেদা করোনা ভাইরাসে আক্রান্ত হলে তোমার মনের অবস্থা জানিয়ে বন্ধু নাফিস/নাফিসাকে একটি চিঠি লেখ। | • চিঠি লেখার নিয়মগুলো মেনে লিখতে হবে<br>• চিঠির বিষয়বস্তু সঠিকভাবে উল্লেখ করতে হবে<br>• বাক্য গঠনে ও বানানে শুদ্ধতা থাকতে হবে |

বাংলা নোটিশ
a notice hub for Bangladeshi ...

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৭ম

বিষয়: গণিত

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-৩ | **পঞ্চম অধ্যায়:**<br>বীজগণিতীয় সূত্রাবলি ও প্রয়োগ<br><br>**সপ্তম অধ্যায়:**<br>সরল সমীকরণ<br><br>**নবম অধ্যায়:**<br>ত্রিভুজ<br><br>**একাদশ অধ্যায়:**<br>তথ্য ও উপাত্ত | **প্রশ্ন: ০১**<br>তোমার গণিত বইয়ের দৈর্ঘ্যের এক চতুর্থাংশ, প্রস্থের এক তৃতীয়াংশ এবং তোমার কলমের দৈর্ঘ্যের অর্ধাংশ পরিমাপ করে, প্রাপ্ত তথ্যগুলো ব্যবহার করে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।<br>(ক) পরিমাপকৃত বাহুগুলোর দ্বারা ত্রিভুজ অংকন কর।<br>(খ) দেখাও যে, অংকনকৃত ত্রিভুজের কোণগুলোর মধ্যে বৃহত্তম বাহুর বিপরীত কোণটি বৃহত্তম।<br>(গ) ত্রিভুজটির কোণ তিনটিকে কেটে আলাদা করে এক বিন্দুতে স্থাপন করে দেখাও যে, তিনটি কোণ একত্রে এক সরলকোণ তৈরি করে।<br>**প্রশ্ন: ০২**<br>তোমার ৩০ জন সহপাঠীর উচ্চতা (আসন্ন সেন্টিমিটারের মানে) সংগ্রহ কর এবং তা তোমার খাতায় লিপিবদ্ধ কর।<br>(ক) উপাত্তগুলোকে মানের ক্রমানুসারে সাজাও।<br>(খ) সর্বোচ্চ সংখ্যক সহপাঠী কত উচ্চতা বিশিষ্ট তা আয়তলেখের সাহায্যে নির্ণয় কর।<br>**সংক্ষিপ্ত প্রশ্ন:**<br>১। $(-p+6)$ এর বর্গ কত?<br>২। $p+q=7$ এবং $p-q=3$ হলে $2(p^2+q^2)$ এর মান কত?<br>৩। $3a^2bc$, $5ab^2d$ এবং $a^3cd^2$ এর ল.সা.গু কত?<br>৪। $x^3-25x$ এবং $x^2+2x-15$ এর গ.সা.গু কত?<br>৫। $(a-3)^2-2(a-3)(a+3)+(a+3)^2$ এর সরল মান কত?<br>৬। $49x^2+4y^2$ এর সাথে কত যোগ করলে যোগফল পূর্ণবর্গ হবে?<br>৭। $x^2-4xy-9z^2+4y^2$ এর একটি উৎপাদক $(x-2y+3z)$ হলে, অপরটি কত?<br>৮। নিচের কোনগুলো সঠিক?<br>(i) $(2x+3y)(2x-3y)=4x^2-9y^2$<br>(ii) $\frac{1}{2}\{(m-n)^2+(m+n)^2\}=m^2+n^2$<br>(iii) $(a+b)^2+4ab=(a-b)^2$<br>৯। $(x-y)^2=29$ হলে, $(x+y)^2$ এর মান কত?<br>১০। $x^2+5x-6$ এর উৎপাদকে বিশ্লেষণ কত?<br>১১। $5(x-3)=10$ সমীকরণটির মূল কত?<br>১২। কোন বিধি অনুযায়ী $2x+3=7x-5$ কে $7x-5=2x+3$ লিখা যায়?<br>১৩। $(-1, 3)$ বিন্দুটি কোন চতুর্ভাগে অবস্থিত?<br>১৪। কোনো বিন্দুর ভুজের মান 0 কোন অক্ষ রেখায়?<br>১৫। কোন সংখ্যা থেকে -6 বিয়োগ করলে বিয়োগফল -12 হয়?<br>১৬। কোনো সংখ্যার এক চতুর্থাংশ তার এক তৃতীয়াংশ থেকে সংখ্যাটির $\frac{1}{12}$ অংশ কম। সংখ্যাটি x হলে, সমীকরণটি কী হবে? | ১। তথ্য ও উপাত্তের সাহায্যে ত্রিভুজ অংকন করতে পারা এবং ত্রিভুজের বাহু ও কোণের মধ্যে সম্পর্ক স্থাপন করতে পারা।<br><br>২। আয়তলেখ তৈরি করে তা ব্যাখ্যা করতে পারা।<br><br>**সক্ষিপ্ত প্রশ্ন:**<br>বীজগণিতীয় সূত্রাবলী প্রয়োগ করতে পারা। |

বাংলা নোটিশ
a notice hub for Bangladeshi ...

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**বিষয়: কৃষি শিক্ষা**

**শ্রেণি: ৭ম**

<table>
<tr><th>এ্যাসাইনমেন্টের ক্রম</th><th>অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম</th><th>এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ</th><th>মূল্যায়ন নির্দেশক</th></tr>
<tr>
<td>নির্ধারিত কাজ-২</td>
<td>চতুর্থ অধ্যায়:<br>কৃষি ও জলবায়ু<br>পাঠ-১: কৃষি মৌসুম<br><br>পঞ্চম অধ্যায়:<br>কৃষিজ উৎপাদন<br>পাঠ-৩: বিভিন্ন প্রকার ফুল ও ফল চাষ পদ্ধতি</td>
<td>সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন:<br>১। (ক) ফসলের মৌসুম বলতে কি বুঝ?<br>(খ) রবি মৌসুম ও খরিপ মৌসুমের পার্থক্য কী?<br>(গ) মুরগির দেহের জন্য অত্যাবশ্যকীয় পুষ্টি উপাদানগুলো কী কী?<br>(ঘ) মুরগির খামারে খাদ্য ও পানি কেনো গুরুত্বপূর্ণ?<br><br>২। নির্ধারিত কাজ: কাঠাল গাছ সম্পর্কে নিচের ছকটি পূরণ কর।<br>
<table>
<tr><th>পর্যবেক্ষণের বিষয়</th><th>গাছের বৈশিষ্ঠ্য</th></tr>
<tr><td>ক. কী ধরনের উদ্ভিদ</td><td>ক.</td></tr>
<tr><td>খ. কান্ডের বৈশিষ্ঠ্য</td><td>খ.</td></tr>
<tr><td>গ. বীজের বর্ণ</td><td>গ.</td></tr>
<tr><td>ঘ. ফুলের বর্ণ</td><td>ঘ.</td></tr>
<tr><td>ঙ. কোথায় কোথায় চাষ হয়</td><td>ঙ.</td></tr>
<tr><td>চ. কেমন মাটিতে চাষ হয়</td><td>চ.</td></tr>
</table>
</td>
<td>১. ক)<br>• বিষয়বস্তুর ধারণা প্রদান<br>• ধারণার সঠিক ব্যাখ্যা প্রদান<br>খ)<br>• বিষয়বস্তুর সঠিক ধারণা সম্বলিত ৩টি পার্থক্য প্রদান<br>গ)<br>• বিষয়বস্তুর ধারণা<br>• কমপক্ষে ৪টি উদাহারণ<br>ঘ)<br>• বিষয়বস্তু ২টির ধারণা<br>• নিভূল তথ্যসহ বিশ্লেষণ<br>২. বিষয়বস্তু অনুযায়ী ছক পূরণ</td>
</tr>
</table>

বাংলা নোটিশ
a notice hub for Bangladeshi ...

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মুল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৭ম

বিষয়: গার্হস্থ্য বিজ্ঞান

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | **ষষ্ঠ অধ্যায়:**<br>প্রতিবন্ধী শিশু<br><br>**অষ্টম অধ্যায়:**<br>খাদ্য উপাদান, পরিপাক ও শোষণ<br><br>**চতুর্থদশ অধ্যায়:**<br>পোশাকের পরিপাট্য ও ব্যক্তিত্ব<br><br>**পঞ্চদশ অধ্যায়:**<br>পোশাকের পরিচ্ছন্নতা | **প্রশ্ন:**<br>১. প্রতিবন্ধী শিশুদের প্রতি আমরা কীভাবে আমাদের দায়িত্ব পালন করতে পারি-তা পাঠ্যপুস্তকের আলোকে লিখ।<br>২. প্রতিবেদন তৈরি-<br>কোভিড ১৯ মোকাবিলায় কোন কোন খাদ্য গোষ্ঠী হতে খাবার আমাদের তালিকায় প্রাধান্য পাবে তা বিবেচনা করে তোমার পরিবারের উপযোগী ৭ দিনের একটি তালিকা তৈরি কর।<br><br>**সংক্ষিপ্ত প্রশ্ন:**<br>৩। ক) ব্যক্তিত্বের সাথে পোশাকের ডিজাইনের সম্পর্ক কেমন হওয়া উচিত? ব্যাখ্যা কর।<br>খ. কাপড়ের মাড় দিতে হয় কেন? মাড় প্রয়োগের ৫টি নিয়ম লিখ।<br>গ. পশমি বস্ত্র ধৌতকরণে তুমি কী ধরণের সর্তকতা অবলম্বন করবে। | ১.<br>• কমপক্ষে ৪টি ধারণার উল্লেখ<br>• ধারণাসমূহের ব্যাখ্যা<br>২.<br>• তালিকা পূরণের সঠিকতা<br>• নির্ভূল তথ্য উপস্থাপন<br>• তথ্য প্রদানে সততা<br>৩. ক)<br>• বিষয়বস্তুর ধারণা<br>• ধারণার ব্যাখ্যা প্রদান<br>খ)<br>• বিষয়বস্তুর ধারণা<br>• ধারণার ব্যাখ্যা প্রদান<br>• সঠিক ৫টি নিয়ম উল্লেখ<br>গ)<br>• বিষয়বস্তুর ধারণা<br>• ধারণার ব্যাখ্যা প্রদান<br>• সঠিক ৫টি সতর্কতা উল্লেখ |

বাংলা নোটিশ
a notice hub for Bangladeshi ...

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম**

**বিষয়: বাংলা**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| **নির্ধারিত কাজ-২** | এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম | **বাড়ির কাজ : (নমুনা প্রশ্ন)**<br>**প্রশ্ন: ০১** সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার স্থপতি, আমাদের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতা যুদ্ধে ঝাঁপিয়ে পড়ার জন্য যে সব যুক্তি তুলে ধরেছেন সেগুলো সাজিয়ে লিখ। | • স্বাধীনতার পক্ষে যুক্তিগুলো সঠিকভাবে উল্লেখ করতে হবে।<br>• বাক্যগঠন ও বানান শুদ্ধ হতে হবে। |

বাংলা নোটিশ
a notice hub for Bangladeshi ...

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** — **বিষয়: গণিত**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| **নির্ধারিত কাজ-৩** | **ষষ্ঠ অধ্যায়:**<br>• দুই চলকবিশিষ্ট সরল সমীকরণের সমাধান।<br>• লেখচিত্রের সাহায্যে সরলসহ সমীকরণের সমাধান।<br><br>**নবম অধ্যায়:**<br>• সমকোণী ত্রিভুজ।<br>• পিথাগোরাসের উপপাদ্য।<br><br>**অষ্টম অধ্যায়:**<br>• চতুর্ভুজের প্রকারভেদ।<br>• চতুর্ভুজের ক্ষেত্রফল।<br>• চতুর্ভুজ অঙ্কন।<br><br>**দশম অধ্যায়:**<br>• বৃত্ত সম্পর্কিত আলোচনা।<br>• বৃত্তের ক্ষেত্রফল।<br>• বেলন বা সিলিন্ডারের ক্ষেত্রফল। | **সৃজনশীল প্রশ্ন:**<br>১. রফিকের পিতা এবং রফিকের 5 বছর পূর্বে বয়সের অনুপাত ছিল 10:4 এবং 5 বছর পরে রফিকের পিতা ও রফিকের বয়সের অনুপাত হবে 2:1।<br>ক. প্রদত্ত তথ্যের আলোকে দুইটি সমীকরণ গঠন কর।<br>খ. প্রতিস্থাপন পদ্ধতি ব্যবহার করে, তাদের দুইজনের বর্তমান বয়স নির্ণয় কর।<br>গ. 'ক' হতে প্রাপ্ত সমীকরণদ্বয় লেখের সাহায্যে সমাধান করে, 'খ' এর উত্তরের সত্যতা যাচাই কর।<br><br>**সংক্ষিপ্ত প্রশ্ন: ক**<br>১. পিথাগোরাসের উপপাদ্যটি বিবৃত কর?<br>২. একটি সমকোণী ত্রিভুজের একটি বাহু ও অতিভুজের অনুপাত 5:13 হলে, অপর বাহু কত?<br>৩. কোন ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্যের এমনভাবে অনুপাত লিখ, যা দ্বারা একটি সমকোনী ত্রিভুজ আঁকা সম্ভব?<br>৪. ABC ত্রিভুজের $AB^2 = BC^2 + CA^2$ হলে, কোন্ কোণটি সমকোণ হবে?<br><br>**সংক্ষিপ্ত প্রশ্ন: খ**<br>১. আয়ত এবং আয়তক্ষেত্রের মধ্যে পার্থক্য কোথায়?<br>২. ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্রটি লিখ।<br>৩. ঘনক আর ঘনবস্তুর মধ্যে পার্থক্য কোথায়?<br>৪. একটি সমবৃত্তভূমিক বেলনের ব্যাসার্ধ 3.75 সে.মি. ও উচ্চতা 11.50 সে.মি। বেলনটির সমগ্রতলের ক্ষেত্রফল কত?<br>৫. একটি চতুর্ভুজ আঁকতে কমপক্ষে কয়টি অনন্য নিরপেক্ষ উপাত্তের প্রয়োজন?<br>৬. যে কোন সরলরেখা একটি বৃত্তকে সর্বাধিক কয়টি বিন্দুতে ছেদ করতে পারে?<br>৭. একটি চাকার ব্যাসার্ধ 34 সে.মি. হলে, চাকাটি একবার ঘুরলে কত সে.মি. দূরত্ব অতিক্রম করবে?<br><br>**সৃজনশীল প্রশ্ন: ০৩**<br>১. কোনো বর্গের পরিসীমা 12 সে.মি. এবং একটি আয়তের বাহুর দৈর্ঘ্য 2 সে.মি. ।<br>ক. চিত্রসহ ঘুড়ির সংগা লিখ।<br>খ. অঙ্কনের বিবরণসহ উদ্দীপকের আলোকে বর্গটি আঁক।<br>গ. 'খ' তে অঙ্কিত বর্গের কর্ণকে উদ্দীপকের আয়তের কর্ণ ধরে, আয়তটি আঁক। (অঙ্কনের বিবরণসহ) | ১. দুই চলক বিশিষ্ট সরল সমীকরণ গঠন করে বাস্তব সমস্যার সমাধান করতে পারা।<br><br>সংক্ষিপ্ত প্রশ্ন: ক<br>পিথাগোরাসের সূত্র ব্যবহার করতে পারা।<br><br>সংক্ষিপ্ত প্রশ্ন: খ<br>বিভিন্ন ধরনের চতুর্ভুজের ক্ষেত্রফল নির্ণয় করতে পারা।<br>বেলন ও বৃত্তের সংক্রান্ত সমস্যা সমাধান করতে পারা।<br><br>৩. তথ্য ও উপাত্তের মাধ্যমে বর্গ ও আয়ত নির্ণয় করতে পারা। |

বাংলা নোটিশ
a notice hub for Bangladeshi ...

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মুল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৮ম

বিষয়: কৃষি শিক্ষা

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মুল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | **পঞ্চম অধ্যায়:**<br>(কৃষিজ উৎপাদন)<br>পাঠ-৯ মিশ্র (মাছ) চাষের জন্য পুকুর প্রস্তুতি<br><br>**ষষ্ট অধ্যায়:**<br>(বনায়ন)<br>পাঠ- ২ নার্সারি তৈরির কৌশল | **সৃজনশীল প্রশ্ন:**<br>১। সখিপুর গ্রামের মিনারা বেগম বাড়ির পাশের ৫ শতক জমির পুকুরে রুই, কাতলা, সিলভার কার্প ও কার্পিও জাতের মাছ চাষের উদ্যোগ নেন। এজন্য তিনি মৎস্য কর্মকর্তার পরামর্শ নিয়ে প্রয়োজনীয় চুন, সার প্রয়োগ করে পুকুর প্রস্তুত করেন।<br>ক) মিনারা বেগম পুকুরে কি পরিমাণ ইউরিয়া সার প্রয়োগ করেছিলেন? নির্ণয় কর।<br>খ) মিনারা বেগমের উদ্যোগটি মূল্যায়ন কর।<br><br>২। পলিব্যাগে চারা তৈরী সুবিধাজনক কেন? ব্যাখ্যা কর। | ১।<br>ক)<br>• পাঠ্যপুস্তকের আলোকে ধারণা প্রদান<br>• সঠিক ধারণা সাপেক্ষে সারের পরিমাণ নির্ণয়<br>খ)<br>• বিষয়বস্তুর ধারণা প্রদান<br>• পাঠ্যপুস্তক ও উদ্দীপকের আলোকে ব্যাখ্যা প্রদান<br>• বিষয়বস্তুর ধারণা ও উদ্দীপকের আলোকে সংশ্লেষণ/বিশ্লেষণ/সিদ্ধান্ত গ্রহণ<br>২।<br>• বিষয়বস্তু সম্পর্কে ধারণা<br>• ধারণা সুবিধাজনক কেন? তার ব্যাখ্যা প্রদান |

বাংলা নোটিশ
a notice hub for Bangladeshi ...

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: গার্হস্থ্য বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | **পঞ্চম অধ্যায়:**<br>রোগ সম্পর্কে সতর্কতা<br>পাঠ-১ শিশুর সাধারণ রোগব্যাধি<br>পাঠ-২ ডায়রিয়া<br>পাঠ-৩ সর্দি, কাশি, ইনফ্লুয়েঞ্জা ও কৃমি<br>পাঠ-৪ হাম, যক্ষ্মা, পোলিও, মাইলাইটিস, মাম্পস<br>পাঠ-৫ সংক্রমণ মুক্তকরণ টিকা, ইনজেকশন<br><br>**সপ্তম অধ্যায়:**<br>বিভিন্ন প্রতিকূল অবস্থা থেকে নিজেকে রক্ষা করা<br>পাঠ-১ মাদকাসক্তি<br>পাঠ-২ বাল্যবিবাহ, যৌতুক<br>পাঠ-৩ যৌন নিপীড়ন<br><br>**অষ্টম অধ্যায়:**<br>খাদ্য পরিকল্পনা<br>পাঠ-১ মেনু পরিকল্পনার নীতি<br>পাঠ-৪ ১১ থেকে ১৫ বছরের শিশুর খাবার<br>পাঠ-৫ ওজনাধিক্য শিশুর খাদ্য পরিকল্পনা | **সৃজনশীল প্রশ্ন:**<br>সম্প্রতি করিম চাচা বিদেশ থেকে এসে দুই সপ্তাহ তাঁর ঘরে একা অবস্থান করলেন। কোনো সমস্যা না হওয়ায় এরপর থেকে পরিবারের অন্যদের সাথে মেলামেশা করতে শুরু করলেন।<br><br>১। ক) উদ্দীপকে কোন রোগের সচেতনতার প্রতি ইঙ্গিত করা হয়েছে- ব্যাখ্যা কর।<br>খ) উদ্দীপকের রোগটিকে কীভাবে প্রতিরোধ করা যায়- বর্তমান পরিস্থিতির আলোকে মূল্যায়ন কর।<br><br>২। রোগের নাম ও প্রতিরোধক টিকার চার্ট তৈরি কর।<br><br>৩। যৌন হয়রানি বা যৌন নিপীড়নের শিকার হলে কী কী সাবধানতা অবলম্বন করা প্রয়োজন?<br><br>**সৃজনশীল প্রশ্ন:**<br>মুন্না চতুর্থ শ্রেণির ছাত্র। সে খেতে খুব পছন্দ করে। চকলেট, চিপস, ড্রিংকস তার খুব পছন্দ। ইদানীং সে সিঁড়ি দিয়ে উঠতে গেলে হাঁপিয়ে যায়। বন্ধুদের সাথে মাঠে খেলতে যায়না। অল্প পরিশ্রমে ক্লান্ত হয়ে পড়ে। তার মা পুষ্টিবিদের শরণাপন্ন হলেন।<br>৪। ক) উদ্দীপকের ছেলেটির সমস্যার কারণ ব্যাখ্যা কর।<br>খ) মুন্নার সমস্যা উত্তরণের উপায় বিশ্লেষণ কর। | ১। ক)<br>• রোগের নাম/ধারণা<br>• পাঠ্যপুস্তক ও উদ্দীপকের আলোকে রোগ/ধারণার ব্যাখ্যা প্রদান<br>খ)<br>• রোগের নাম/ধারণা<br>• পাঠ্যপুস্তক ও উদ্দীপকের আলোকে রোগ/ধারণার ব্যাখ্যা প্রদান<br>• প্রতিরোধের উপায় নির্ধারণ এবং শিক্ষার্থীদের নিজস্ব সংশ্লেষণ/বিশ্লেষণ/ মন্তব্য প্রদান<br>২।<br>• চার্ট তৈরিতে সঠিকতা<br>• সঠিক তথ্য উপস্থাপন<br><br>৩।<br>• বিষয়বস্তুর ধারণা প্রদান<br>• বিষয়বস্তুর ধারণার ব্যাখ্যা প্রদান<br>• কমপক্ষে ৫টি সাবধানতা নির্ধারণ<br><br>৪। ক)<br>• বিষয়বস্তুর ধারণা প্রদান<br>• ধারণার ব্যাখ্যা (পাঠ্যপুস্তক ও উদ্দীপকের আলোকে)<br>খ)<br>• সমস্যা থেকে উত্তরণের উপায় নির্ধারণ<br>• ব্যাখ্যা প্রদান<br>• পাঠ্যপুস্তক ও উদ্দীপকের আলোকে সঠিক সিদ্ধান্ত গ্রহণ |

বাংলা নোটিশ
a notice hub for Bangladeshi ...

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মুল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: গণিত**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মুল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| **নির্ধারিত কাজ-৩** | **সপ্তম অধ্যায়:**<br>ব্যবহারিক জ্যামিতি<br><br>**চতুর্থ অধ্যায়:**<br>সূচক ও লগারিদম<br><br>**নবম অধ্যায়:**<br>ত্রিকোণমিতিক অনুপাত | **সংক্ষিপ্ত প্রশ্ন: ০১**<br>১. নির্দিষ্ট চতুর্ভুজ আঁকার জন্য কয়টি স্বতন্ত্র উপাত্ত প্রয়োজন?<br>২. ABC বৃত্তে BC ব্যাস হলে, $\angle BAC$ এর মান কত?<br>৩. সমকোণী ত্রিভুজের সূক্ষ্ম কোণদ্বয় সমান হলে, ত্রিভুজটির বাহগুলোর অনুপাত কত হবে?<br>৪. PQRS সামান্তরিকের $\angle Q = 95^\circ$ হলে, $\angle S - \angle R =$ কত?<br>৫. বৃত্তের ব্যাস 14 সে.মি. হলে, ঐ বৃত্তের অন্তর্লিখিত বর্গের ক্ষেত্রফল কত?<br><br>**সৃজনশীল প্রশ্ন: ০১**<br>$\Delta ABC$ এর শীর্ষবিন্দু A এবং ভূমি সংলগ্ন $\angle B = 45^\circ, \angle C = 60^\circ$। ত্রিভুজটির পরিসীমা 10 সে.মি.।<br>ক. $\angle A$ এর পূরক কোণের মান কত?<br>খ. অঙ্কনের বিবরণসহ ত্রিভুজটি আঁক।<br>গ. এমন একটি ত্রিভুজ অঙ্কন কর যার ভূমি সংলগ্ন দুইটি কোণ উদ্দীপকে উল্লিখিত কোণ দুইটির সমান এবং শীর্ষ থেকে ভূমির উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য $\Delta ABC$ এর পরিসীমার একতৃতীয়াংশ। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক]<br><br>**সংক্ষিপ্ত প্রশ্ন: ০২**<br>১. $(3x^{-1} + 7y^{-1})^{-1} =$ কত?<br>২. $(\sqrt{5})^{y+1} = (\sqrt[3]{5})^{2y-1}$ হলে, y এর মান কত?<br>৩. $\log_x 125 = 6$ হলে, x এর মান কত?<br>৪. 0.000003476 কে বৈজ্ঞানিক আকারে প্রকাশ কর।<br>৫. 32.0035 এর সাধারণ লগের অংশক কত? | **সংক্ষিপ্ত প্রশ্ন: ০১**<br>ত্রিভুজ, চতুর্ভুজ ও বৃত্ত সংক্রান্ত ব্যাবহারিক জ্যামিতির প্রাথমিক ধারণা লাভ করতে পারা।<br><br>১.তথ্য ও উপাত্তের ভিত্তিতে ত্রিভুজ অংকন করে তার বিবরণ দিতে পারা।<br><br>**সংক্ষিপ্ত প্রশ্ন: ০২**<br>সূচক ও লগারিদমের ধারণা লাভ করতে পারা।<br><br>২.সূচক ও লগারিদম এর ধারণা ব্যাবহার করে গাণিতিক সমস্যা সমাধান করতে পারা।<br><br>**সংক্ষিপ্ত প্রশ্ন: ০২**<br>ত্রিকোনমিতিক অনুপাত ব্যাবহার করে ত্রিকোনমিতিক রশির মান নির্ণয় করতে পারা। |

বাংলা নোটিশ
a notice hub for Bangladeshi ...

**সৃজনশীল প্রশ্ন: ০২**

$A = 4^{2p+1}, B = \frac{7^{m+1}}{(7^m)^{m-1}}, C = \frac{49^{m+1}}{(7^{m-1})^{m+1}}$ এবং $D = 7\log\left(\frac{10}{9}\right) - 2\log\left(\frac{25}{24}\right) + 3\log\left(\frac{81}{80}\right)$

ক. $A = 128$ হলে, p এর মান নির্ণয় কর।

খ. প্রমাণ কর যে, $B \div C = \frac{1}{49}$

গ. দেখাও যে, $D = \log 2$

**সংক্ষিপ্ত প্রশ্ন: ০৩**

১. $\cos^2\theta - \sin^2\theta = \frac{1}{2}$ হলে, $\cos^4\theta - \sin^4\theta$ এর মান কত?

২. $\sin\theta\sqrt{\operatorname{cosec}^2\theta - 1}$ =কত?

৩. $\operatorname{cosec}(90° - \theta) = \sqrt{2}$ হলে, $\tan\theta$ =কত?

৪. $12\sec A = 13$ হলে, $\cot A - \sin A$ =কত?

৫. $\cos\theta = \frac{x^2-1}{x^2+1}$ হলে, $\sin^2\theta + \cos^2\theta$ =কত?

বাংলা নোটিশ
a notice hub for Bangladeshi ...

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৯ম

বিষয়: বিজ্ঞান

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-৩ | **সপ্তম অধ্যায়:**<br>অম্ল, ক্ষারক ও লবণের ব্যবহার | I) $HCl(aq) + Mg(OH)_2(aq) =$<br>II) $HCl(aq) + Al(OH)_3(aq) =$<br>ক) এসিডের সজ্ঞা দাও?<br>খ) ভিনেগারকে দূর্বল এসিড বলা হয় কেন, ব্যাখ্যা কর।<br>গ) উদ্দীপকের II) নংবিক্রিয়া দুটি সম্পন্ন করে ধরণ ব্যাখ্যা কর।<br>ঘ) পাকস্থলীতে এসিডিটির সমস্যা হলে এ থেকে উত্তরণের ক্ষেত্রে উল্লেখিত বিক্রিয়া দুটির ভূমিকা ব্যাখ্যা কর। | • নির্ভুল তথ্য ও যুক্তিসম্মত ব্যাখ্যা প্রদান<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী উত্তর প্রদানের সক্ষমতা<br>• প্রশ্নের অনুধাবন ক্ষমতা<br>• বিষয়বস্তুর গভীরতা<br>• প্রয়োগ ক্ষমতা |

বাংলা নোটিশ
a notice hub for Bangladeshi ...

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-৩ | **ষোড়শ অধ্যায়:** বাংলাদেশের সামাজিক সমস্যা ও এর প্রতিকার<br>• পাঠ-১ সামাজিক নৈরাজ্য ও মূল্যবোধের অবক্ষয়<br>• পাঠ-২ নারীর প্রতি সহিংসতা | নারীর প্রতি সহিংসতামূলক আচরণের কারণগুলো বর্ণনা কর। এই ধরনের সহিংসতা রোধে তোমার নিজের পরিবার ও এলাকার দৃষ্টিভঙ্গির উন্নয়নে কী কী পদক্ষেপ নেয়া যায়? যে কোনো একটি পদক্ষেপ বাস্তবায়নের জন্য একটি বিস্তারিত পরিকল্পনা প্রণয়ন কর। | • সমসাময়িক তথ্য ও খবরা খবর সম্পর্কিত জ্ঞান<br>• ব্যক্তিগত অভিজ্ঞতার সমন্বয়<br>• ইতিবাচক দৃষ্টিভঙ্গির বহিঃপ্রকাশ<br>• সমস্যা সমাধানে দক্ষতা প্রয়োগ<br>• সৃজনশীল চিন্তার প্রয়োগ<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী ধারাবাহিক উত্তর প্রদান |

বাংলা নোটিশ
a notice hub for Bangladeshi ...

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: পদার্থ বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-৩ | **ষষ্ঠ অধ্যায়:**<br>বস্তুর উপর তাপের প্রভাব | ৩। $120^0c$ তাপমাত্রার একখন্ড বস্তুর ভর 50gm। বস্তুটিকে একটি 50gm ভরের অ্যালুমিনিয়ামের ক্যালোরিমিটারে $20^0c$ তাপমাত্রার 150gm পানিতে ছেড়ে দেয়ার পর মিশ্রণের তাপমাত্রা $30^0c$ পাওয়া গেল। বস্তুটির আপেক্ষিক তাপ $1500Jkg^{-1}K^{-1}$ এবং অ্যালুমিনিয়ামের আপেক্ষিক তাপ $900Jkg^{-1}K^{-1}$।<br><br>ক. তাপধারণ ক্ষমতা কাকে বলে?<br>খ. মাটির কলসিতে পানি ঠান্ডা থাকে কেন? ব্যাখ্যা কর।<br>গ. বস্তু কর্তৃক বর্জিত তাপ নির্ণয় কর।<br>ঘ. উপরোক্ত তথ্যগুলো ক্যালরিমিতির মূলনীতিকে সমর্থন করে কিনা- গাণিতিকভাবে বিশ্লেষণ কর। | ক. তাপ ধারণ ক্ষমতার সংজ্ঞা সঠিকভাবে লিখতে পারা।<br><br>খ. সুপ্ততাপের আলোকে সঠিকভাবে ব্যাখ্যা করতে পারা।<br><br>গ. সঠিক সূত্র লিখে বস্তুর বর্জিত তাপ নির্ণয় করতে পারা।<br><br>ঘ. উদ্দীপকের আলোকে গৃহিত তাপ ও বর্জিত তাপ নির্ণয়পূর্বক সঠিক মতামত প্রদান করতে পারা। |

বাংলা নোটিশ
a notice hub for Bangladeshi ...

**কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা**

**শ্রেণি: ৯ম** | **বিষয়: ভূগোল ও পরিবেশ**

<table>
<tr><th>এ্যাসাইনমেন্টের ক্রম</th><th>অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম</th><th>এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ</th><th>মূল্যায়ন নির্দেশক</th></tr>
<tr>
<td>নির্ধারিত কাজ-৩</td>
<td>দশম অধ্যায়:<br>বাংলাদেশের ভৌগলিক বিবরণ<br><br>একাদশ অধ্যায়:<br>বাংলাদেশের সম্পদ ও শিল্প</td>
<td>১। সৃজনশীল প্রশ্ন:
<table>
<tr><th>অঞ্চল</th><th>মাটির বৈশিষ্ট্য</th></tr>
<tr><td>X</td><td>শেল ও কর্দম দ্বারা গঠিত</td></tr>
<tr><td>Y</td><td>ধূসর ও লাল বর্ণের মাটি</td></tr>
<tr><td>Z</td><td>পলিবাহিত মাটি</td></tr>
</table>
(ক) ক্রান্তীয় মৌসুমী জলবায়ু কাকে বলে?<br>(খ) বাংলাদেশে ক্রান্তীয় জলবায়ু বিরাজের কারণ কী? ব্যাখ্যা কর।<br>(গ) উদ্দীপকের 'Z' অঞ্চলের বর্ণনা দাও।<br>(ঘ) উদ্দীপকের 'X' ও 'Y' অঞ্চলের ভূমিরূপের মধ্যে কী কী সাদৃশ্য-বৈসাদৃশ্য পরিলক্ষিত হয়? মতামত দাও।<br><br>২। বাংলাদেশের মানচিত্র অংকন করে পাট, চা ও ইক্ষু উৎপাদনকারী অঞ্চলসমূহ প্রদর্শন কর।</td>
<td>(ক)<br>• ক্রান্তীয় মৌসুমী জলবায়ু সম্পর্কে জ্ঞান<br>(খ)<br>• ক্রান্তীয় জলবায়ু বিরাজের কারণ সম্পর্কে জ্ঞান<br>• বিষয়বস্তু সম্পর্কে ধারণা ও ব্যাখ্যা প্রদান<br>(গ)<br>• বিষয়বস্তুর জ্ঞান<br>• বিষয়বস্তু সম্পর্কে ধারণা ও ব্যাখ্যা প্রদান<br>• বিষয়বস্তুর সাথে উদ্দীপকের সংযোগ স্থাপন<br>(ঘ)<br>• বিষয়বস্তুর জ্ঞান<br>• বিষয়বস্তু সম্পর্কে ধারণা ও ব্যাখ্যা প্রদান<br>• বিষয়বস্তুর সাথে উদ্দীপকের সংযোগ স্থাপন<br>• সিদ্ধান্ত গ্রহণের সক্ষমতা<br><br>২।<br>• বিষয়বস্তুর জ্ঞান<br>• অক্ষরেখা ও দ্রাঘিমা রেখা অনুযায়ী মানচিত্র অঙ্কনের সক্ষমতা<br>• অর্থকরী ফসলসমূহ সঠিকভাবে মানচিত্রে প্রদর্শন</td>
</tr>
</table>

বাংলা নোটিশ
a notice hub for Bangladeshi ...

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: হিসাববিজ্ঞান**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| **নির্ধারিত কাজ-৩** | **সপ্তম অধ্যায়:**<br>খতিয়ান<br><br>**অষ্টম অধ্যায়:**<br>নগদান বই | ক) নিম্নলিখিত লেনদেনগুলো হতে সংশ্লিষ্ট খতিয়ানগুলো চলমান জের ছকে প্রস্তুত কর।<br>শ্রাবণী ট্রেডার্স ২০২০ সালের ১ জুন নগদ ৫০,০০০ টাকা ব্যবসায়ে বিনিয়োগ করে।<br>জুন-৫, পণ্য বিক্রয় ধারে ১,৩০,০০০ টাকা<br>জুন-১০, দেনাদার হতে আদায় ১,০০,০০০ টাকা<br>জুন-২০, অতিরিক্ত মূলধন আনা হলো ২০,০০০ টাকা<br>খ) নিম্নলিখিত লেনদেনগুলো দ্বারা জেরিন এন্টারপ্রাইজের দু'ঘরা নগদান বই প্রস্তুত কর।<br>২০২০ জুলাই-১, হাতে নগদ ৮০,০০০ টাকা ও ব্যাংক উদ্বৃত্ত ১,০০,০০০ টাকা<br>জুলাই-২, নগদে পণ্য ক্রয় ২০,০০০ টাকা<br>জুলাই-৪, চেকের মাধ্যমে পণ্য বিক্রয় ৬০,০০০ টাকা<br>জুলাই-১০, ব্যাংক হতে উত্তোলন ২৫,০০০ টাকা<br>জুলাই-১৫, চেক দ্বারা আসবাবপত্র ক্রয় ৪০,০০০ টাকা<br>জুলাই-২০, ব্যাংক কর্তৃক প্রাপ্য বিল আদায় ৫০,০০০ টাকা<br>জুলাই-২৫, চেকের মাধ্যমে দেনা পরিশোধ ২০,০০০ টাকা | ক) খতিয়ানের সঠিক ছক ও শিরোনামসহ প্রতিটি লেনদেনের পোস্টিং এবং জের নির্ণয়ের সঠিকতা বিবেচনা করে দক্ষতা যাচাই এবং মন্তব্য প্রদান।<br><br>খ) দু'ঘরা নগদান বইয়ের ছক ও শিরোনামসহ প্রতিটি লেনদেনের পোস্টিং এবং জের নির্ণয়ের সঠিকতা যাচাই এবং মন্তব্য প্রদান। |

বাংলা নোটিশ
a notice hub for Bangladeshi ...